কোটচাঁদপুরের সাফদারপুর ইউনিয়ন পরিষদে বাজেট ঘোষণা

যোগাযোগ খাত কে গুরুত্ব দিয়ে ১ কোটি ৩৫ লাখ ৪ হাজার ৬ শ টাকার, উন্মক্ত বাজেট পেশ করলেন,চেয়ারম্যান আব্দুল মান্নান। মঙ্গলবার দুপুরে কোটচাঁদপুরের সাফদারপুর ইউনিয়ন পরিষদ কার্যালয়ে এ বাজেট ঘোষণা করেন তিনি।

জানা যায়, যোগাযোগ খাতকে গুরুত্ব দিয়ে ১ কোটি ৩৫ লাখ ৪ হাজার ৬ শ টাকার বাজেট ঘোষণা করেন সাফদারপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল মান্নান।

এ সময় উপস্থিত ছিলেন, সাফদারপুর ইউনিয়ন পরিষদের ইউপি সদস্য আবু সাঈদ, আব্দুল আলীম, জুলহক আলী, আক্তারুজ্জামান, ওসমান গনি, ফকির মোহাম্মদ, অমেদুল ইসলাম, আতিয়ার রহমান, মেহেদী হাসান।

সংরক্ষিত মহিলা ইউপি সদস্য ফাতেমা খাতুন, ফিরোজা বেগম,কহিনুর খাতুন। এ ছাড়া উপস্থিত ছিলেন, কোটচাঁদপুরের সাবদারপুর পুলিশ ফাঁড়ির সহউপপরিদর্শক ( এএসআই) জামিরুল ইসলাম, ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক খালিদ হোসেন (টুটুল) ওয়ার্ড আওয়ামীলীগের সাধারন সম্পাদক সাইফুল ইসলাম ( মুক্তার), ইউনিয়ন সচিব নাসরিন খাতুন।

চেয়ারম্যান আব্দুল মান্নান বলেন,গেল বছর পেশকৃত বাজেট আমরা যথাযথ ভাবে কাজ করতে পেরেছি। আশ করছি এবারের বাজেটও আমরা সম্মলিত ভাবে কাজ করতে পারবো। সব শেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে বাজেট সভা শেষ করেন।